

## 🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৬৬

১/ বিবিধ

আরবী

إن أهل البيت ليقل طعمهم فتستنير بيوتهم موضوع

رواه ابن أبي الدنيا في "كتاب الجوع " (5 / 1) والعقيلي في " الضعفاء " (222) وعنه ابن الجوزي في " الموضوعات " (3 / 35) وابن عدي (89 / 1) والطبراني في " الأوسط " (2 / 15 / 5298) من طريق عبد الله بن المطلب العجلي عن الحسن بن ذكوان عن يحيى بن أبي كثير عن أبي سلمة عن أبي هريرة مرفوعا، وقال الطبراني: لم يروه عن الحسن إلا عبد الله بن المطلب

قلت: أورده الذهبي في " الضعفاء " وقال: لا يعرف

وقال ابن الجوزي: لا يصح، قال العقيلي: عبد الله بن المطلب مجهول، وحديثه منكر غير محفوظ، وقال أحمد: الحسن بن ذكوان أحاديثه أباطيل، وأقره السيوطي في " اللآليء " (2 / 253) ومع هذا فقد أورده في " الجامع الصغير " من رواية الطبراني في " الأوسط " عن أبى هريرة، والطريق هو هو! كما رأيت

والحديث ذكره ابن أبي حاتم في " العلل " (2 / 5) من هذا الوجه وقال: سألت أبي عنه؟ قال: هذا حديث كذب، وعبد الله بن المطلب مجهول، وقال الذهبي في " الميزان ": إنه خبر منكر، وأقره الحافظ في اللسان

বাংলা



১৬৬। আহলে বাইতের খাদ্য কমে যায়, ফলে তাদের ঘর আলোকিত হয়।

হাদীসটি জাল।

এটি ইবনু আবিদ-দুনিয়া "কিতাবুল জু" গ্রন্থে (১/৫), উকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (২২২), এবং তার নিকট হতে ইবনুল জাওয়ী "আল-মাওযু আত" গ্রন্থে (৩/৩৫), ইবনু আদী (১/৮৯) ও তাবারানী "আল-আওসাত" গ্রন্থে (২/১৫/৫২৯৮) আব্দুল্লাহ ইবনু মুতাল্লিব আল-আজালী সূত্রে হাসান ইবনু যাকওয়ান হতে ... বর্ণনা করেছেন।

তাবারানী বলেনঃ আবুল্লাহ ইবনু মুতাল্লিব ছাড়া অন্য কেউ হাদীসটি হাসান হতে বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ যাহাবী তাকে (আব্দুল্লাহকে) "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তাকে চেনা যায় না।

ইবনুল জাওয়ী বলেনঃ এটি সহীহ্ নয়। উকায়লী বলেনঃ আব্দুল্লাহ মাজহুল, তার হাদীস মুনকার, নিরাপদ নয়। ইমাম আহমাদ বলেনঃ হাসান ইবনু যাকওয়ান এর হাদীসগুলো বাতিল।

হাফিয সুয়ূতী তার এ কথাকে "আল-লাআলী" গ্রন্থে (২/২৫৩) সমর্থন করেছেন। তা সত্ত্বেও তিনি তাবারানীর বর্ণনায় "জামেউস সাগীর" গ্রন্থে এ একই সনদে হাদীসটি উল্লেখ করেছেন। ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/৫) বলেনঃ আমি আমার পিতাকে এ হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেনঃ এ হাদীসটি মিথ্যা আর আব্দুল্লাহ মাজহুল।

হাফিয যাহাবী "আল-মীযান গ্রন্থে বলেনঃ এ হাদীসটি মুনকার। তার এ কথাকে হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে সমর্থন করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন